

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে)

কৃষিই সমৃদ্ধি


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ি, ঢাকা।
www.dae.gov.bd

অফিস আদেশ

নং-৭৬২৭(৫৭১) তাং-০৬/০৭/২০১৫খ্রি.

লক্ষ্য করা যাচ্ছে যে, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের কিছু সংখ্যক জেলা এবং উপজেলা পর্যায়ের কর্মকর্তা/কর্মচারী নিয়মিতভাবে তাদের কর্মস্থলে অবস্থান করেন না। তাছাড়া কোন কোন কর্মকর্তা/ কর্মচারী নিজ কর্মস্থলে যথাসময় উপস্থিত হন না। অনেকেই উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থল ত্যাগ করেন। যার ফলে বিভাগীয় কাজ ক্ষতিগ্রস্ত হয় এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়। এ বিষয়টি কোনক্রমেই কাম্য নয়।

এই অবস্থায় উপজেলা /জেলা /অঞ্চল পর্যায়ের অফিস প্রধানগণ এবং তার অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণকে সার্বক্ষণিকভাবে কর্মস্থলে অবস্থান করে নিজ নিজ দায়িত্ব কর্তব্য যথাযথভাবে পালনে তৎপর হতে এবং সরকারী / সাপ্তাহিক ছুটি ও বিশেষ কোন প্রয়োজনে কর্মস্থল ত্যাগের পূর্বে কর্তৃপক্ষের অনুমতি গ্রহণের নির্দেশনা দেয়া হল।



(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (ভারপ্রাপ্ত)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। পরিচালক, -----উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা (সকল)।
- ২। অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, -----অঞ্চল, -----(সকল)।
- ৩। উপ পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, -----(সকল)।
- ৪। উপ পরিচালক (আইসিটি ব্যবস্থাপনা), পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। আপনাকে নোটিশটি ডিএই'র ওয়েবসাইটে প্রকাশের জন্য বলা হলো।
- ৫। উপজেলা কৃষি অফিসার, -----(সকল)।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।